# SSC Model Test -2018

অধ্যায় ভিত্তিক

| বিষয় | | সময় |
|---|---|---|
| ইসলাম শিক্ষা | | ১.৩০মি |

| পরীক্ষা নং | পূর্ণমান | অধ্যায় |
|---|---|---|
| ০১ | ৪০ | পঞ্চম |

পরীক্ষার্থীর নাম ঃ ..........................................................................

রোল নং |  |  |  |  |  |  |

রেজি.নং |  |  |  |  |  |  |

**যে কোন ২টি প্রশ্নের উত্তর দাও**

**১। নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাওঃ**

হাসিব ও হামিম একে অপরের বন্ধু। দুজনে প্রায়ই বিজ্ঞান বিষয়ক আলোচনায় মগ্ন থাকে। একদিন বিকেলে উভয়ে বিদ্যালয় প্রাঙ্গণে হাজির হয়ে ভূগোলশাস্ত্রে মুসলিম ভূগোলবিদদের অবদান নিয়ে আলোচনা আরম্ভ করল। এক পর্যায়ে হাসিব বলল, ভূগোলশাস্ত্রে যেসব মুসলিম মনীষী অসামান্য অবদান রেখে গেছেন তাঁদের মধ্যে এমন একজন ব্যক্তি রয়েছেন যিনি স্পেন, ভারতবর্ষ ও সিজিস্তান ব্যতীত সমগ্র মুসলিম পৃথিবী ভ্রমণ করেন। আরেকজন 'মুজামুল বুলদান' নামক যে গ্রন্থ রচনা করেন তা ভূগোলশাস্ত্রের এক প্রামাণ্য গ্রন্থ। অতঃপর হামিম বলল, উক্ত ব্যক্তিদের ন্যায় আল মাসুদি ও ইবনে খালদুন ও ভূগোল বিষয়ের পণ্ডিত ছিলেন।

ক. জুননুন মিসরির প্রকৃত নাম কী? ১
খ. 'আল-কানুন ফিত তিব্ব'-কে চিকিৎসাশাস্ত্রের বৃহৎ সংগ্রহ বলা হয় কেন? ২
গ. উদ্দীপকে হাসিব ভূগোলশাস্ত্রে অবদান রাখা কোন মুসলিম মনীষীদের প্রতি ইঙ্গিত করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ.হামিমের বক্তব্যের সাথে তুমি কি একমত? তোমার মত বিশ্লেষণ কর। ৪

**২। নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাওঃ**

ইরফান এইচএসসি পরীক্ষায় কৃতিত্বের সাথে উত্তীর্ণ হওয়ার পর বাবাকে বলল, আমি বিশ্ববিখ্যাত মুসলিম চিকিৎসা বিজ্ঞানীদের মধ্যে যিনি শল্য চিকিৎসার দিশারি হিসেবে আজও আমাদের মাঝে স্মরণীয় হয়ে আছেন এবং ইউনানী শাস্ত্রে যাঁর অসাধারণ অবদান রয়েছে তাঁর আদর্শ অনুকরণে একজন চিকিৎসাবিদ হতে চাই, মানবতার সেবা করতে চাই। এ লক্ষে আমি মেডিকেল কলেজে ভর্তি হতে ইচ্ছুক।

ক. কিতাবুল মানসুরি গ্রন্থের রচয়িতা কে? ১
খ. 'ইসলাম জ্ঞান-বিজ্ঞান ও মানবকল্যাণের ধর্ম'-কথাটি বুঝিয়ে লেখ। ২
গ. ইরফান যাকে অনুসরণ করে চিকিৎসাবিজ্ঞানী হতে চায় তাঁর অবদান ব্যাখ্যা কর। ৩
ঘ.'ইরফানের মেডিকেলে ভর্তির উদ্দেশ্যটি সত্যিই প্রশংসনীয়' – ইসলামের দৃষ্টিতে আলোচনা কর। ৪

**৩। নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাওঃ**

আমানউল্লাহ দশম শ্রেণির বিজ্ঞান বিভাগের ছাত্র। চিকিৎসাশাস্ত্রে ব্যাপক ব্যুৎপত্তি অর্জন করা তার একমাত্র লক্ষ্য ও উদ্দেশ্য। সে ক্লাসে তার বন্ধুবান্ধবদের মাঝে প্রায়ই চিকিৎসাশাস্ত্রে মুসলমানদের অবদান ও কৃতিত্বের ওপর আলোচনা করে। চিকিৎসাশাস্ত্রে যেসব মুসলিম মনীষী অবদান রেখেছেন আমানউল্লাহর নিকট তন্মধ্যে সবচেয়ে প্রিয় ব্যক্তিত্বকে শল্যচিকিৎসার দিশারি মনে করা হয়। তার রচিত গ্রন্থই চিকিৎসা শাস্ত্রের বৃহৎ সংগ্রহ।

ক. আলরাযি কত খ্রিষ্টাব্দে জন্মগ্রহণ করেন? ১
খ. আলবিরুনি যুগশ্রেষ্ঠ মনীষী হিসেবে স্বীকৃতি লাভ করেন কেন? ২
গ. আমানউল্লাহর প্রিয় ব্যক্তিত্বের পরিচয় ও অবদান ব্যাখ্যা কর। ৩
ঘ.চিকিৎসাবিজ্ঞানে উদ্দীপকে নির্দেশিত গ্রন্থটির মূল্যায়ন কর। ৪

বহুনির্বাচনী প্রশ্নঃ-২০

১) **বুহায়রা মহানবি (স) কে কী বলে উল্লেখ করেন?**

ক. শেষ নবি  খ. অসাবধান বালক
গ. বুদ্ধিমান বালক  ঘ. আদর্শ বালক

২) **রসায়ন শাস্ত্রে কার অবদান সবচেয়ে বেশি?**

ক. আলবিরুনি  খ. আল খাওয়ারিযমি
গ. উমর খৈয়াম  ঘ. জাবির ইবন হাইয়ান

৩) **ইমাম বুখারি (র) কতজন হাদিস বিশারদ এর সামনে হাদিস মুখস্থের পরীক্ষা দেন?**

ক. একশত খ. দুইশত গ. তিনশত ঘ. চারশত

৪) **'মুজামুল বুলদান' কোন ধরনের গ্রন্থ?**

ক. তাফসির খ. হাদিস গ. ইতিহাস ঘ. ভূগোল

৫) **ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শাকুর তার ছেলেকে মদ্যপানের অপরাধে কঠিন শাস্তি দিলেন। শাকুর সাহেবের কাজে কোন খলিফার আদর্শ ফুটে উঠেছে?**

ক. হযরত আবু বকর (রা) খ. হযরত উমর (রা)
গ. হযরত উসমান (রা) ঘ. হযরত আলি (রা)

৬) **'মুজামুল বুলদান' গ্রন্থের রচয়িতা–**

ক. উমর খৈয়াম খ. আল-খাওয়ারেযমি
গ. ইয়াকুত ইবনে আব্দুল্লাহ ঘ. হাসান ইবনে হায়সাম

৭) **'হিলফুল ফুযুল' হচ্ছে–**

ক. শান্তি চুক্তি খ. শান্তি সংঘ
গ. মৈত্রী চুক্তি ঘ. জাতিসংঘ

৮) **হযরত মুহাম্মদ (স) নবি হবেন এ ভবিষ্যদ্বাণী সর্বপ্রথম কে করেছিলেন?**

ক. ওয়ারাকা খ, বুহায়রা গ. খাদিজা ঘ. আমিনা

৯) **রাসুল (স) কত বছর গোপনে দাওয়াতের কাজ করেছেন?**

ক. দুই খ. তিন গ. চার ঘ .পাঁচ

১০) **হযরত উমর (রা) স্বীয় পুত্রকে শাস্তি দিয়ে প্রতিষ্ঠা করেছিলেন-**

ক. সততা ও মানবতা খ. ন্যায়বিচার ও সাম্য
গ. আমানতদারিতা ঘ. ভালোবাসা ও সম্প্রীতি

১১) **রিপন সাহেব একজন বিচারক। তার ন্যায় বিচারের ফলে সমাজে প্রতিষ্ঠিত হবে–**

i. ভ্রাতৃত্ব
ii. শান্তি
iii. শৃঙ্খলা

**নিচের কোনটি সঠিক?**

ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii

১২) **মহানবি (স) এর শিশু চরিত্রে অনুপম দৃষ্টান্ত ফুটে ওঠে-**

i. ইনসাফের
ii. সততার
iii. আমানতদারীর

**নিচের কোনটি সঠিক?**

ক. i খ. ii গ. iii ঘ. ii ও iii

১৩) **হযরত উমর (রা) এর সময় কোন ধরনের সরকারব্যবস্থা প্রতিষ্ঠিত হয়েছিল?**

i. গণতান্ত্রিক
ii. স্বৈরতান্ত্রিক
iii. জবাবদিহিমূলক

**নিচের কোনটি সঠিক?**

ক. i খ. ii গ. ii ও iii ঘ. i ও iii

১৪) **হযরত আলি (রা)-এর নাম ছিল–**

i. আবু তোরাব
ii. আবুল হাসান
iii. আতিক

**নিচের কোনটি সঠিক?**

ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii

১৫) **"আলকানুন ফিত-তিব্ব"-গ্রন্থটিকে বাইবেল বলার কারণ–**

i.. এর সমপর্যায়ের কোনো গ্রন্থ আজও দেখা যায় না
ii. আধুনিক বিশ্বেও বিভিন্ন ভাষায় অনুবাদ করে পাঠদান করা হচ্ছে
iii. চিকিৎসা সম্বন্ধীয় যাবতীয় তথ্যের আশ্চর্য সমাবেশ

**নিচের কোনটি সঠিক?**

ক. i খ. i ও iii গ. iii ঘ. i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও :**

গাজীপুর ইউনিয়নের খান এবং ভূঁইয়া বংশ তাদের নিজ নিজ সুনামের জন্য বিখ্যাত। তবে কিছুদিন ধরে তাদের মধ্যে দ্বন্দ্ব চলে আসছে। খানেরা অন্যায়ভাবে ভূঁইয়াদের ওপর আক্রমণ চালায়। পরিস্থিতি ভয়াবহ দেখে গ্রামের একজন নামকরা সমাজসেবক কতিপয় শান্তিকামী লোক নিয়ে একটি সংঘ গঠন করেন যা গ্রামের শান্তিশৃঙ্খলা প্রতিষ্ঠায় ভূমিকা রাখে

১৬) **অনুচ্ছেদের ঘটনাটি রাসুল (স)–এর কোন ঘটনার সাথে সম্পর্কিত?**

ক হিজরত খ. হিলফুল ফুযুল গঠন
গ মদিনায় আদর্শ রাষ্ট্র প্রতিষ্ঠা গ হুদায়বিয়ার সন্ধি স্থাপন

১৭) **উক্ত ঘটনাটির প্রেক্ষাপট কী ছিল?**

ক. বদর যুদ্ধের বিভীষিকা খ. ফিজার যুদ্ধের ভয়াবহতা
গ. কাফিরদের নির্মম অত্যাচার ঘ. মুসলমানদের ইসলাম গ্রহণ

১৮) **আল্লাহ তায়ালা নবি-রাসুল প্রেরণ করেছিলেন কেন?**

ক. পৃথিবীকে বসবাসের উপযোগী করার জন্য
খ. মানুষকে সঠিক পথ প্রদর্শনের জন্য
গ. মানুষকে কৃষিকাজ শেখানোর জন্য
ঘ. মানুষকে নিরাপত্তা দানের জন্য

১৯) **মহান আল্লাহ হযরত মুহাম্মদ (স) কে কেন প্রেরণ করেছিলেন?**

ক. আরব দেশের সার্বিক উন্নতির জন্য
খ. পৃথিবীর সৌন্দর্য অবলোকনের জন্য
গ. রাজনৈতিক ঐক্য ও সম্প্রীতি গড়ার জন্য
ঘ. মানুষকে সঠিক পথ দেখানোর জন্য

২০) **রাসুল (স)-এর আগমনের পূর্বে আরবের মানুষ কেমন ছিল?**

ক .ধ্যান-জ্ঞানে মগ্ন থাকত
খ. পারস্পরিক সম্প্রীতি ও সাম্যে বিশ্বাসী ছিল
গ. বর্বরতা ও অজ্ঞতার মাঝে লিপ্ত ছিল
ঘ. সামাজিক আতিথেয়তা ও শান্তিতে বসবাস করত